

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৩৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا رَأَيْتُمْ مَنْ يَنْشُدُ فِيهِ مَنْ يَبِيعُ أَوْ يَبْتَاعُ فِي الْمَسْجِدِ فَقُولُوا: لَا أَرْبَحَ اللَّهُ تِجَارَتَكَ. وَإِذَا رَأَيْتُمْ مَنْ يَنْشُدُ فِيهِ ضَالَّةً فَقُولُوا: لَا رَدَّ اللَّهُ عَلَيْكَ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ

বাংলা

৭৩৩-[৪৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা কাউকে মসজিদে বেচা-কেনা করতে দেখলে বলবে, আল্লাহ তোমার এ ব্যবসায়ে তোমাকে লাভবান না করুন। এভাবে কাউকে মসজিদে হারানো জিনিস অনুসন্ধান করতে দেখলে বলবে, আল্লাহ তা তোমাকে ফেরত না দিন। (তিরমিয়ী ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ১৩২১, ইরওয়া ১২৯৫, দারিমী ১৪৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা মসজিদে ক্রয়-বিক্রয় নিষিদ্ধ। কেউ করলে তার উদ্দেশে বলা যাবে যে, আল্লাহ তোমার বা তোমাদের ব্যবসায় কোন লাভ না দিন এবং তোমাদের দ্বারা কোন উপকার না করুন। এটা তার জন্য বন্ধু'আ। এছাড়া যদি কাউকে হারানো বস্তুর জন্য বিজ্ঞপ্তি প্রচার করতে দেখা যায়, তাহলে বলতে হবে, আল্লাহ যেন তোমার জিনিস ফিরিয়ে না দেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55290}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন